

বাবার প্রার্থনা

তোর জন্য ভগবানের দোহাই
 এনেছি সামান্য খুঁদকুড়ো
 বৃষ্টি নেই আকাল পোহাই
 ঘরে রাখি রোদুর গুঁড়ো।
 তোর জুর সেরে যাবে কাল
 আজ আর যাব না মাঠে
 তোর মা পেটে ধরেছিল
 তারপর একা দিন কাটে--
 মরে গিয়ে বেঁচে গেছে সেকি
 বুড়ি ঠাকুমাও গেছে গত সনে পুড়ে
 আজ আছি বাপ বেটা মিলে
 ভাল আছি নিশ্চিত্তরপুরে।
 গরীবের ভগবান নেই
 হয় তিন বোবা, কালা, হাবা
 কিংবা খুব কুঁড়ে থুথুরে
 চোখ বুঁজে মাচানেতে শোভা।
 কাল তোর জুর কমে যাবে
 হেঁটে হেঁটে যাব দূর দেশ
 কাল যদি বৃষ্টি হয় ছেলে
 দু'জনেই হবো নিদ্দেশ।

রাণা চট্টোপাধ্যায়

